*রেজুলেশন*

কার্যনির্বাহী পরিষদের সভা

তারিখ ও সময়: ১ আগষ্ট, শনিবার , বিকেল ৫:০০ ঘটিকা স্হান: **GSWA** সংগঠনের কার্যালয়( উদয়ন রোড) এবং অনলাইন সভা।

সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি কাজী হারুন অর রশীদ মিরন ও পরিচালনা করেন ব্যাবস্হাপনক পরিচালক এডভোকেট উৎপল দাস।

এ সভায় অন্যান্য যারা উপস্হিত ছিলেন: সভাপতি মন্ডলীর সদস্য অধ্যক্ষ পলাশ কুমার বিশ্বাস, পরিচালক মহিলা ও শিশু বিভাগ মনোয়ারা বেগম মনি, পরিচালক দপ্তর সিদ্দিকুল ইসলাম দুলাল, কার্যনির্বাহী সদস্য এম.এস. জামান চাঁদমনি, মাহফুজা রোম্মান বশীদ, এডভোকেট হৈমন্তী দাস, বীর মুক্তিযোদ্ধা আব্দুল মান্নান বাদশা, GSWA কোটালীপাড়া সভাপতি দীপক কুমার দাস, GSWA গোপালগন্জ সদর সভাপতি গোলাম মোস্তফা সরদার ও ব্যাবস্হাপনা পরিচালক আরমান খান জয়।

পৃথক পৃথক অন লাইন আলোচনায় যুক্ত হয়েছিলেন- কার্যনির্বাহী সদস্য ইন্জিনিয়র মফিজুল ইসলাম,

রওশন আলী সিকদার, GSWA কাশিয়ানী সমাপতি ড. সৈয়দ আলী হোসেন মটু , ব্যাবস্হাপনা পরিচালক পিয়াস সিকদার, GSWA টুঙ্গিপাড়া সভাপি মেহেদী হাসান, ও GSWA মুকসুদপুর সভাপতি মন্ডলীর সদস্য অলিয়ার রহমান খান।

আলোচনায় অংশগ্রহন করেন এম.এস জামান, অধ্যক্ষ পলাশ, আব্দুল মান্নান বাদশাহ, গোলাম মোস্তফা, আরমান খান জয় এবং প্রমুখ।

সূচনা বক্তব্যে সভাতি আলোচ্য সূচি তুলে ধরার পাশাপাশি কার্যক্রমকে গতিশীল করতে উপজেলা কমিটির কাঠামো ২১ থেকে কমিয়ে ৭ জন করার প্রস্তাব সহ ইউনিয়নে পর্যায়ে সমন্বয়ক করার কথা বলেন। সেই সাথে ৩১ অক্টোবর, ২৬ এর পূর্ব নির্ধারিত সাধারণ সভার দিন এগিয়ে আনার প্রস্তাব করেন।

**মেহেদী হাসান সমন্বয়কের প্রতিশব্দ ব্যবহার করার প্রস্তাব করেন।

** এম এস জামান সংগঠনের কার্যক্রম বৃদ্ধি করতে আগষ্ট মাসে গাছ বিতরন ও রোপন কর্মসূচি নেয়ার প্রস্তাব করেন এবং কর্মসূচি গ্রহন করা হলে এর বাস্তবায়নে ১০,০০০ টাকা দেয়ার অঙ্গীকার করেন

সিদ্দিকুল ইসলাম খান সাধারণ সভা মধুমতি পার্ক গোপালগঞ্জে করার প্রস্তাব করেন। আব্দুল মান্নান বাদশাহ ফ্যামিলি নিয়ে অংশগ্রহনের সুযোগ রেখে সাধারন সভা কুয়াকাটা করার প্রস্তাব করেন। ড. সৈয়দ আলী আহসান মটু আগেই AGM ঘোনাপাড়া কৃষি গবেষনায় প্রস্তাব করেছিলেন যা সভাপতি তুলে ধরেন। এছাড়াও নিয়মিত বিদ্যুৎ বিভ্রাটের কারনে gswa website চালু করা যায়নি- যা অতিশীঘ্রই live হবে জানালেন এবং সবাইকে laptop এ site টি প্রদর্শন করেন। সভাপতি ২ বছরের জন্য website হোস্টিং এর ব্যবস্হা (যার মূল্যমান ৫৭০০/- ) করে দেয়ার জন্য পরিচালক প্রচার ও প্রকাশনা রবিউল ইসলামকে সংগঠনের পক্ষ থেকে ধন্যবাদ জানান।

প্রায় ৯০ মিনিট আলোচনা শেষে সর্ব সম্মতিক্রমে নিম্নে বর্নীত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১। সংগঠনের দ্বি-বার্ষিক সাধারণ সভা পূর্ব নির্ধারিত ৩১ এ অক্টোবরের পরিবর্তে *১৯ সেপ্টেম্বর শনিবার * মধুমতি পার্ক , গোপালগঞ্জে** অনুষ্ঠিত হবে। সাধারন সভায় পরিবারের সদস্যরা রেজিষ্ট্রেশন সাপেক্ষে অংশগ্রহন করতে পারবেন।

২। ক)৫ উপজেলা GSWA কমিটি ভেঙ্গে আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে- যারা স্ব স্ব উপজেলায় সদস্য সংগ্রহ করবেন এবং সম্মেলন করে কমিটি গঠন করবেন। এবং সকল GSWA উপজেলা কমিটি বর্তমান ২১ সদস্যের পরিবর্তে * ৭ সদস্য বিশিষ্ট হবে*।

খ) GSWA উপজেলা কাঠামো:

GSWA উপজেলা কমিটি-কাঠামো নির্ধারণ করে যা করা হলো:

১। সভাপতি

২। সভাপতি মন্ডলির সদস্য

৩। সভাপতি মন্ডলির সদস্য

৪। ব্যাবস্হাপনা পরিচালক

৫। সহকারী ব্যাবস্হাপনা পরিচালক

৬। পরিচালক: সমাজ কল্যান সার্বিক

৭। পরিচালক: অর্থ ও হিসাব বিভাগ।

** প্রত্যেক ইউনিয়নে একজন GSWA Co-ordinator থাকবেন যা বাধ্যতামূলক নয়- যারা পদাধিকার বলে উপজেলা EC member সমতুল্য হবেন।

৩। GSWA উপজেলা কমিটির আহ্বায়ক ও সদস্য সচিব  যাদেরকে মনোনীত করা হলো-

** GSWA মুকসুদপুর উপজেলা- আহ্বায়ক: বীর মুক্তিযোদ্ধা আব্দুল মান্নান বাদশাহ, কার্যনির্বাহী ও আজীবন সদস্য কেন্দ্রীয় GSWA, ঠিকানা: বোয়ালিয়া, ভাবড়াশুর ইউনিয়ন, মুকসুদপুর ও সদস্য সচিব: অলিয়ার রহমান খান, ভেঙ্গে দেয়া কমিটির সভাপতি মন্ডলির সদস্য, আজীবন সদস্য GSWA মুকসুদপুর , প্রধান শিক্ষক গোহালা গার্লস স্কুল, ঠিকানা: ননীক্ষীর ইউনিয়ন, মুকসুদপুর।

** GSWA কাশিয়ানি, কোটালীপাড়া, টুঙ্গিপাড়া ও গোপালগঞ্জ সদর উপজেলার ভেঙ্গে দেয়া কমিটির সভাপতি ও ব্যাবস্হাপনা পরিচালককে  স্ব স্ব উপজেলায় যথাক্রমে আহ্বায়ক ও সদস্য সচিব মনোনীত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৪। আগষ্ট মাসে শুরু হয়ে মাসব্যাপি বৃক্ষরোপনের সিদ্ধান্ত গৃহীত হলো - ৫ উপজেলা আহ্বায়ক কমিটি নিজ নিজ উপজেলায় এই কর্মসূচী বাস্তবায়ন করবে।

৫। দ্রুতই নিজস্ব website এর নূতন ভার্সন চালু হবে যার ডোমেইন  gswa.org.bd.

৬। সাধারণ সভা সক্রান্ত বিধি বিধান প্রনয়ন, তা বাস্তবায়ন ও সম্মেলন সফল করতে যা যা করনীয় তা সম্পন্ন করতে সংগঠনের ১ম সভাপতি মন্ডলীর সদস্য আহ্বায়ক ও সদস্য সচিব আরমান খান জয়ের নেতৃত্বের আহ্বায়ক কমিটির চলমান কাজ আরো গতিশীল করতে এ সভা আহ্বান জানাচ্ছে।

** সবশেষে অন্যকোনো আলোচ্যসূচি না থাকায় সভার সভাপতি সংগঠনের সভাপতি কাজী হারুন অর রশীদ মিরন সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।

*সমাপ্ত*